

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 13-02-2025**

**Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর-

১) রাজ্য বাজেটে সরকারী কর্মচারীদের জন্য মহার্ঘ্য ভাতা চার শতাংশ বাড়িয়ে ১৮ শতাংশ করার কথা ঘোষণা করেছে সরকার।

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের জন্য বরাদ্দ হয়েছে ৪৪ হাজার কোটি টাকার বেশি।

নতুন প্রকল্প নদী বন্ধনে ২-শো কোটি টাকা বরাদ্দের প্রস্তাব।

২) মুখ্যমন্ত্রী এই বাজেটকে কর্মসংস্থান ও জনমুখী বললেও বিরোধীরা একে দিশাহীন এবং অন্তসার শূন্য আখ্যা দিয়েছেন।

৩) ২০২৩-এর টেট পরীক্ষার ফল এখনও প্রকাশ না হওয়ায় তিন সপ্তাহের মধ্যে প্রাথমিক শিক্ষা পর্যবেক্ষকে হলফনামা দিতে বলেছে কলকাতা হাইকোর্ট।

৪) সিগনাল ও প্রযুক্তিগত কাজের জন্য হাওড়া - সেন্টার ফাইভ লাইনে মেট্রো পরিষেবা আজ থেকে দু-দফায় মোট আটদিন বন্ধ থাকছে।

৫) উত্তরাখণ্ডে জাতীয় গেমসে বাংলার প্রণতি দাস সোনা জিতেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারি কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা চার শতাংশ বাড়িয়ে ১৮ শতাংশ করার ঘোষণা করেছে সরকার। অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য গতকাল ২০২৫-২৬ অর্থবছরের জন্য ১২ লক্ষ টাকার ঘাটতি বাজেট পেশ করে জানান, চলতি বছর পয়লা এপ্রিল থেকে এই মহার্ঘ ভাতা কার্যকর হবে। এর ফলে কেন্দ্রের সঙ্গে রাজ্যের ডিএ-র ফারাক কমে হল ৩৫ শতাংশ।

এবারের বাজেটের মোট আয়তন ৩ লক্ষ ৮৯ হাজার ১৯৪ কোটি টাকার বেশি। অর্থমন্ত্রী জানান, বাজেট পরিকল্পনায় নারী ক্ষমতায়ন, কর্ম সংস্থান, কৃষি ও পরিষেবা ক্ষেত্রকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের জন্য বরাদ্দ করা হয়েছে ৪৪ হাজার কোটি টাকার বেশি।

বাংলার বাড়ি প্রকল্পে আগামী অর্থবর্ষে আরও ১৬ লক্ষ বাড়ি তৈরি করা হবে। এজন্য আরও ৯ হাজার ৬-শো কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এর ফলে এই প্রকল্পে মোট বরাদ্দের পরিমাণ বেড়ে হলো ২৩ হাজার কোটি টাকার বেশি।

বন্যার সমস্যার সমাধানে ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ন এবং প্রায় পাঁচ কিলোমিটার দীর্ঘ চার লেনের গঙ্গাসাগরে সেতু তৈরির জন্য বরাদ্দ হয়েছে ৫০০ কোটি টাকা করে।

পথশ্রী প্রকল্পে রাস্তাঘাটের উন্নয়নে ১৫-শো কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার। ৩৫০ টি অতিরিক্ত সুফল বাংলা আউটলেট খোলার জন্য বাজেটে বরাদ্দ হয়েছে ২০০ কোটি টাকা।

কর্মশ্রী প্রকল্পে ৬১ কোটি শ্রম দিবস তৈরি করা হবে বলে বাজেটে ঘোষণা করা হয়েছে।

নদী ও জলাভূমির মধ্যে সংযোগ স্থাপন করে কর্মসংস্থানের সুযোগ তৈরিতে নদী বন্ধন নামে একটি নতুন প্রকল্প হাতে নেওয়া হচ্ছে। আন্তর্জাতিক বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে আগামী আর্থিক

বছরেই পরিকল্পনা নির্মাণ ও রূপায়ণের কাজ পাইলট প্রজেক্ট হিসেবে শুরু হবে বলে অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় ঘোষণা করেছেন। এজন্য রাজ্য বাজেটে ২০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

চা-শিল্পে কৃষি ও আয়কর ছাড়ের সুবিধা বাঢ়ানো হয়েছে ২০২৬-এর ৩১শে মার্চ পর্যন্ত।

স্বাস্থ্য পরিষেবাকে আরো সুদৃঢ় করার লক্ষ্যে আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীদের দেওয়া হবে স্মার্টফোন। ৭০ হাজার আশা কর্মী এবং এক লক্ষেরও বেশি অঙ্গনওয়াড়ি কর্মীকে স্মার্টফোন দিতে বাজেটে ২০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী বলেন, রাজ্যের ১ কোটি ৭২ লক্ষ মানুষ দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছেন। রাজ্যে বেকারত্বের হার ৪০ শতাংশ কমেছে।

সদ্য সমাপ্ত বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঘোষণা করেছিলেন, রাজ্যে তৈরি হচ্ছে ৬টি ইকোনমিক ফ্রেইট করিডর। ২০২৬-এর বিধানসভা নির্বাচনের আগে শেষ পূর্ণাঙ্গ বাজেট পেশের পর গতকাল সাংবাদিক বৈঠক থেকে তার বিস্তারিত ব্যাখ্যা দিলেন রাজ্যের প্রশাসনিক প্রধান। মুখ্যমন্ত্রী বলেন, ফ্রেইট করিডরের দুদিকের রাস্তা ধরে একাধিক কারখানা গড়ে উঠবে, তাতে প্রচুর কর্ম সংস্থান তৈরি হবে। একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – অভিনন্দন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী ঐ সাংবাদিক বৈঠকে বলেন, কেন্দ্রীয় বাজেটে শুধুমাত্র প্রতিশ্রুতি থাকে। কিন্তু রাজ্য বাজেটে ঘোষিত প্রকল্প ও বরাদ্দ বাস্তবায়িত হয়। বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দ না মেলা নিয়ে এদিনও ক্ষেত্র প্রকাশ করেন মুখ্যমন্ত্রী।

(বাইট-মুখ্যমন্ত্রী)

তিনি বলেন, এই বাজেটকে কর্মসংস্থান, পরিকাঠামো উন্নয়ন ও জনমুখী বলে মন্তব্য করেন। লক্ষ্মীর ভাস্তর প্রকল্পকে আরো প্রসারিত করার কথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, বীরভূমের মহম্মদবাজার বন্ধে দেউচা-পাঁচামি কয়লাখনিতে যে খননকাজ শুরু হয়েছে, ধীরে ধীরে সেখানে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে এক লক্ষ কর্মসংস্থান তৈরি হবে। বানতলা চর্মনগরীতে যে পরিমাণ বিনিয়োগ আসছে, তাতে অচিরেই আরও আড়াই লক্ষ কর্মসংস্থান হবে।

এদিকে, বাজেটে নতুন কর্মসংস্থানের কোনো দিশা না থাকার অভিযোগে বিজেপি পরিষদীয় দল বিধানসভা থেকে ওয়াক আউট করে। বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিকদের বলেন, এই বাজেট বেকার বিরোধী। রাজ্য ডলক্ষ কোটি ঝগের বোৰা থেকে মুক্তি পাওয়ার উপায় নিয়ে এখানে কোনো পরিকল্পনা নেই।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, ভোটের দিকে তাকিয়ে ডিএ-তে এই সামান্য বৃদ্ধি।

### **বাইট-সুকান্ত**

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও এই বাজেটকে অন্তঃসারশূন্য আখ্যা দিয়েছেন।

**(বাইট-সেলিম)**

রাজ্য বাজেটের তীব্র সমালোচনা করে এস ইউ সি আই কমিউনিস্ট রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য বলেছেন, প্রতি বছর লক্ষ লক্ষ টাকা খরচ করে বিজনেস সামিট হয়, কিন্তু কল-কারখানা খোলা হয় না, চাকরির সুযোগ সৃষ্টি হয় না।

এই বাজেটে রাজ্যের বেকার যুব সম্প্রদায়ের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষে সরকার মন্তব্য করেছেন।

(বাইট-শুভক্ষে )

রাজ্য সরকারি কর্মচারীদের সংগঠন-রাজ্য কো অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী কেন্দ্রীয় হারে মহার্ঘ্য ভাতা দেওয়ার দাবি জানিয়েছেন।

(বাইট-বিশ্বজিত)

শিক্ষানুরাগী এক্য মধ্যের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, ৩৯ শতাংশের জায়গায় মাত্র ৪ শতাংশ ডিএ ঘোষণা ভিক্ষা দেওয়ার সমান।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (STEA)র সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ এক প্রেস বিবৃতিতে বলেন, এই বাজেট জনবিরোধী এবং শ্রমিক বিরোধী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভায় বাজেট অধিবেশনের প্রথম পর্বের মেয়াদ একদিন বাঢ়ল। রাজ্য সরকার আজ সবেবরাতের ছুটি ঘোষণা করায় টানা চারদিন মুলতুবি থাকবে বিধানসভার অধিবেশন। সোমবার ফের অধিবেশন শুরু হবে। এদিন ও মঙ্গলবার বিধানসভায় রাজ্যপালের অভিভাবণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা হবে। বুধ ও বৃহস্পতিবার আলোচনা হবে রাজ্য বাজেট নিয়ে।

উল্লেখ্য, এর আগে রাজ্য সরকার বিজ্ঞপ্তি জারি করে Shab-e-Barat উপলক্ষ্যে আজ ও ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিন উপলক্ষ্যে আগামীকাল ছুটি ঘোষণা করে। এর ফলে সপ্তাহান্তের শনি ও রবিবার নিয়ে টানা চারদিন, রাজ্য সরকারি দপ্তর, পুরসভা ও পঞ্চায়েত, পুরনিগম, স্বশাসিত সংস্থা এবং রাজ্য সরকার নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৩-এর টেট পরীক্ষার এক বছরেরও বেশি সময় অতিক্রান্ত হয়ে যাওয়ার পরেও এখনও ফল প্রকাশ না হওয়ায় প্রাথমিক শিক্ষা পর্ষদের জবাব তলব করেছে কলকাতা হাইকোর্ট। তিনি সপ্তাহের মধ্যে পর্ষদকে এবিষয়ে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি বিশ্বজিৎ বসু। এক পরীক্ষার্থীর করা আবেদনের শুনানিতে গতকাল পর্ষদের আইনজীবী জানান, ওবিসি শংসাপত্র সংক্রান্ত মামলাটি বর্তমানে বিচারাধীন থাকায় টেটের ফল প্রকাশ করা যাচ্ছে না। এই বক্তব্যের বিরোধিতা করে মামলাকারী পরীক্ষার্থীর আইনজীবী বলেন, ওবিসি শংসাপত্র সংক্রান্ত মামলাটি সুপ্রিম কোর্টে বিচারাধীন থাকলেও ওই মামলায় কোনও স্থগিতাদেশ দেয়নি শীর্ষ আদালত। তাই টেটের ফলপ্রকাশে এই নিয়ে কোনও সমস্যা থাকার প্রশ্ন নেই। এরপরই পর্ষদকে হলফনামা আকারে ফল না প্রকাশের কারণ জানাতে বলেন বিচারপতি বসু।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সিগন্যাল এবং অন্যান্য প্রযুক্তিগত কাজের জন্য মেট্রোরেল, হাওড়া ময়দান ও সেক্টর ফাইভ করিডরে দু-দফায় আট দিন ট্রেন পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। প্রথম দফায় আজ থেকে রবিবার এবং দ্বিতীয় দফায় আগামী বৃহস্পতিবার ২০ তারিখ থেকে ২৩ শে ফেব্রুয়ারি হাওড়া ময়দান- এসপ্ল্যানেড এবং শিয়ালদা ও সেক্টর ফাইভের মধ্যে কোনো ট্রেন চলাচল করবে না। এর জেরে নিত্যাত্মীরা চরম ভোগান্তির মধ্যে পড়বেন বলে আশঙ্কা করা হচ্ছে।

উল্লেখ্য, এই করিডরের শিয়ালদা এবং এসপ্ল্যানেডের মধ্যে রেল সংযোগের কাজ শেষ হয়ে যাওয়ায় গোটা করিডরে একটি সিগন্যালিং ব্যবস্থার মাধ্যমে ট্রেন চালানোর জন্য কাজ চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের কাকরিবাড়ি ওভার ব্ৰিজেৱ কাছে সীমান্তৰক্ষী বাহিনী-বিএসএফেৱ গাড়িৰ সঙ্গে একটি বাসেৱ মুখোমুখি সংঘৰ্ষে এক জওয়ানেৱ মৃত্যু হয়েছে। গুৱাতৰ আহত আৱাঞ্চ চার জওয়ান এম জে এন মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। অসমেৱ ধুবড়ি থেকে বিএসএফেৱ ঐ গাড়িটি জেলাৰ গোপালপুৰ ক্যাম্পেৱ উদ্দেশ্যে যাচ্ছিল। স্থানীয়ৱা ছুটে এসে বিএসএফেৱ গাড়িচালক সহ পাঁচ জওয়ানকে উদ্বার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকৰা গাড়িচালককে মৃত বলে ঘোষণা কৰেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বেহালাৰ ঠাকুৱ পুকুৱে কৈলাশ ঘোষ স্ট্ৰীটে প্ৰলোভন দেখিয়ে এক শিশুকন্যাৰ শ্লীলতাহানিৰ অভিযোগ উঠেছে কলকাতা পুৱসভাৱ এক অস্থায়ী কৰ্মীৰ বিৱুক্ষে। কমল মন্দল নামে বছৰ ৬০-এৱ ঐ ব্যক্তি রাস্তায় দাঁড়িয়ে থাকা একটি অটোৱ মধ্যে আট বছৰেৱ ঐ শিশুকে ডেকে নিয়ে গিয়ে শ্লীলতাহানি কৰে বলে অভিযোগ। স্থানীয়ৱা তাকে হাতেনাতে ধৰে ফেলে ল্যাম্প পোষ্টে বেধে মারধোৱ কৰে। পৱে তাকে পুলিশেৱ হাতে তুলে দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরাখণ্ডে জাতীয় গেমসে আরও একটি সোনা জয় করেছে বাংলা। জিমনাস্টিক্সের আন ইভেনবার ইভেন্টে গতকাল সোনা জেতেন প্রণতি দাস। এর আগে এরোবিক্সে রূপো পান মজিদা খাতুন। আর্টিস্টিক জিমনাস্টিক্সে ব্রোঞ্জ জেতেন প্রতিষ্ঠা সামন্ত।

টেবিস টেনিসে মহিলাদের ডাবলসে ব্রোঞ্জ পেয়েছেন মৌমা দাস ও প্রিহিকা মুখাজী জুটি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০